



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০১.১৯.৩৫৬.১৩. ৫৫৯

তারিখ : ২১ ডিসেম্বর ২০২১ খ্রি.

## প্রেস রিলিজ

ঢাকা, ২১ ডিসেম্বর ২০২১ খ্রি.

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মোঃ মকবুল হোসেন পিএএ বলেছেন বঙ্গবন্ধু রাজনৈতিক স্বাধীনতার পাশাপাশি জনগণের অর্থনৈতিক মুক্তি অর্জনের লক্ষ্যে সারাজীবন সংগ্রাম করেছেন। ক্ষুধা, দারিদ্র্যমুক্ত, বৈষম্যহীন, অসম্প্রদায়িক সোনার বাংলা প্রতিষ্ঠাই ছিল তাঁর স্বপ্ন।

তিনি আজ ঢাকায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত ‘বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র : প্রত্যাশা ও প্রাপ্তি’ শীর্ষক সেমিনার উদ্বোধনকালে এসব কথা বলেন।

ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি-এর সভাপতিত্বে এ অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট চলচ্চিত্র গবেষক অনুপম হায়াৎ। সভাপতি তার বক্তব্যে বলেন, বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ আর বাংলাদেশ মানেই বঙ্গবন্ধু। দীর্ঘ স্বাধীনতার সংগ্রাম আর মুক্তিযুদ্ধে তাঁরই নেতৃত্বে আমরা বীরদর্পে এগিয়ে গেছি, ছিনিয়ে এনেছি স্বাধীনতার লাল সূর্য। তাই অর্জিত স্বাধীনতা সমুল্লত রাখতে বঙ্গবন্ধু ও স্বাধীনতার ওপর গবেষণা ও চলচ্চিত্র নির্মাণে নিরলসভাবে কাজ করে যেতে হবে।

অনুষ্ঠানে বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা, গবেষক, নির্দেশক, কলাকুশলী, মিডিয়াকর্মী এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

  
20.22.22

আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

### বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশে টিভি / এনটিভি / সময় টিভি / আরটিভি / দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের কাগজ / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর / এবিসিনিউজবিডি.কম/কমিউনিটি বেতারসমূহ।
- ৩। প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।